

বাঘাব ইউনিয়ন পরিষদ

চেয়ারম্যান:মো:জাহিদ সরকার

কার্যালয়: গ্রাম:নাওহালা, ডাকঘর:কুন্দারপাড়া, উপজেলা:শিবপুর, জেলা:নরসিংদী।

মোবাইল নং:০১৭২৪-৬৫৮৩০৮

(E-mail :baghabaup@gmail.com)

স্মারক নং:বাইউপি/শিব/নর/২০২৩/

তারিখ:৩০/০৭/২০২৩ইং

প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন প্রদান করা যাইতেছে যে, বিগত ০২/০৪/২০২৩ইং তারিখে বাদী: মো:মোস্তুফা, পিতা:মৃত ছিফর আলী, গ্রাম:ছয়শ্রী, পো:গোচাপাড়া, উপজেলা: চুনারুঘাট, জেলা: হবিগঞ্জ, বিবাদী: ১। কামালা মিয়া, পিতা:আব্দুল হাসিম, ২।নয়ন মিয়া, পিতা:শাহজাহান, ৩। মোস্তার হোসেন, পিতা:মো:আ:ছানিছ, সবগ্রাম:উত্তর জয়মঞ্জল, ডাকঘর:বাঘাব, উপজেলা:শিবপুর, জেলা:নরসিংদী এর বিরুদ্ধে ৩০শতাংশ জমি জোরপূর্বক দখল করে আছেন মর্মে একটি লিখিত অভিযোগ দাখিল করেন। বাদীর লিখিত অভিযোগের ভিত্তিতে বিগত ০৫/০৪/২০২৩ইং তারিখ বেলা ১০.০০ঘটিকায় বাদী এবং বিবাদীকে স্বাক্ষী প্রমাণসহ ইউনিয়ন পরিষদ কার্যালয়ে উপস্থিত থাকার জন্য ১ম নোটিশ করা হয়। নোটিশ প্রাপ্তির পর নির্দৃষ্ট সময় ও তারিখে বাদী হাজির হয় কিন্তু বিবাদী হাজির হয়নি। পরবর্তীতে অভিযোগের মিমাংসা করার জন্য ১২/০৭/২০২৩ইং তারিখে আবারও বাদী এবং বিবাদীকে নোটিশের মাধ্যমে বেলা:১০.০০ঘটিকায় ইউনিয়ন পরিষদ কার্যালয়ে উপস্থিত থাকতে বলা হলে বাদী এবং বিবাদী উভয়ই উপস্থিত হয়। বাদী এবং বিবাদীগণের বক্তব্য শ্রবণের পর প্রতীয়মান হয় বাদীর অভিযোগ সত্য এবং বিবাদীগণকে ১৫/০৭/২০২৩ইং তারিখের মধ্যে বাদীর জবর দখল করে রাখা জমি ফিরিয়ে দেওয়ার জন্য বলা হয়। বিবাদীগণ ১৫/০৭/২০২৩ইং তারিখের মধ্যে বাদীর জমি ফিরিয়ে দিবেন জানিয়ে অঙ্গিকার করেন। কিন্তু পরবর্তীতে ১৫/০৭/২০২৩ইং তারিখ অতিবাহিত হলে, বাদীর পক্ষ থেকে জানানো হয় জবর দখলকৃত জমি এখনও বুঝিয়ে দেওয়া হয়নি। পরবর্তীতে বিগত ১৯/০৭/২০২৩ইং তারিখে ৩য় ও চূড়ান্ত নোটিশের মাধ্যমে বাদী এবং বিবাদীকে প্রয়োজনীয় কাগজপত্র ও স্বাক্ষীপ্রমাণসহ বেলা ১০.০০ঘটিকায় ইউনিয়ন পরিষদ কার্যালয়ে হাজির থাকার নির্দেশ দেওয়া হয়। বাদীপক্ষ প্রয়োজনীয় স্বাক্ষীপ্রমাণসহ হাজির হয়, কিন্তু বিবাদী হাজির হয়নি। বিবাদীর এমন আচরন এবং এলাকার গন্যমান্য ব্যক্তিদের সাথে কথা বলে জানতে পারা যায় বাদীর অভিযোগ সত্য এবং বিবাদী: ১। কামালা মিয়া, পিতা:আব্দুল হাসিম, ২।নয়ন মিয়া, পিতা:শাহজাহান, ৩। মোস্তার হোসেন, পিতা:মো:আ:ছানিছ, সবগ্রাম:উত্তর জয়মঞ্জল, ডাকঘর:বাঘাব, উপজেলা:শিবপুর, জেলা:নরসিংদী দুই প্রকৃতির ঠক প্রতারক এবং আইন অমান্যকারী ব্যক্তি।

মো: জাহিদ সরকার

চেয়ারম্যান

বাঘাব ইউনিয়ন পরিষদ

শিবপুর, নরসিংদী।